গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০১.১১.০০১.২০২০-৯৪৬ তারিখঃ ১৩ /০৬/১৪২৭ বঙ্গাব্দ
২৮/০৯/২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ২০১৬ সাল হতে নিয়োগপ্রাপ্ত সিনিয়র স্টাফ নার্স/ মিডওয়াইফগণের চাকুরি স্থায়ীকরণ সংক্রান্ত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীনে সারাদেশে সরকারি হাসপাতাল ও অন্যান্য প্রতিষ্ঠানে কর্মরত সকল সিনিয়র স্টাফ নার্স ও মিডওয়াইফগণের সরকারি চাকরিতে যোগদানের পর শিক্ষানবিশকাল সন্তোষজনক সমাপ্তিঅন্তে চাকুরি স্থায়ীকরণের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট আবেদন করে স্থায়ী করতে হবে। এ লক্ষে অধিদপ্তরের অধীনে ২০১৬ সাল ও তৎপরবর্তিকালে পিএসসির মাধ্যমে বিভিন্ন সময়ে নিয়োগপ্রাপ্ত নার্স ও মিডওয়াইফগণকে তাঁদের চাকুরি স্থায়ীকরণের জন্য নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংযুক্ত ছকে মহাপরিচালক নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা বরাবর আবেদন করতে হবে।

আবেদনের নিয়মাবলীঃ

(০১) চাকুরি স্থায়ীকরণের আবেদনপত্র।
(০২) প্রথম সরকারি চাকুরিতে পদায়নকৃত কর্মস্থলে যোগদানপত্রের ফটোকপি।
(০৩) যোগদানপত্র গ্রহণের অনুলিপির ফটোকপি।
(০৪) হাল নাগাদ পিডিএস।
(০৫) শিক্ষানবিশকাল দুই (০২) বছর পূর্ণ হয়েছে মর্মে প্রার্থী কর্তৃক যোগদানকাল উল্লেখকরণ।
(০৬) শিক্ষানবিশকাল দুই (০২) বছর চাকুরি সন্তোষজনক মর্মে স্থনীয় কর্তৃপক্ষে কর্তৃক প্রত্যয়ণ পত্র।
(০৭) সরকারি চাকুরিতে নিয়োগের প্রজ্ঞাপন (প্রযোজ্য অংশ)।
(০৮) সরকারি চাকুরিতে প্রথম পদায়নের প্রজ্ঞাপন (প্রযোজ্য অংশ)।
(০৯) নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক দেয়া রেজিস্ট্রেশন কার্ডের কপি।
(১০) সরকারি কর্মকমিশন কর্তৃক নিয়োগপ্রাপ্ত হলে রেজিস্ট্রেশন কার্ডের কপি।
(১১) সরকারি কর্মকমিশন কর্তৃক নিয়োগপ্রাপ্ত হলে রেজাল্টসিটের কপি (প্রযোজ্য অংশ)।
(১২) প্রথম সরকারি চাকুরিতে যোগদানকালে সম্পন্ন স্বাস্থ্য পরীক্ষার সনদ ফটোকপি।
(১৩) পুলিশ ভেরিফিকেশন হয়েছে মর্মে প্রার্থী কর্তৃক প্রত্যয়ণ পত্র।
(১৪) আদালতে কোন প্রকার মামলা নাই মর্মে প্রার্থী কর্তৃক প্রত্যয়ন পত্র।
(১৫) বিভাগীয় মামলা নাই মর্মে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়ন পত্র।
(১৬) ওরিয়েনটেশন ট্রেনিং সনদ (যদি থাকে)।
(১৭) প্রথম বেতন-ভাতা পাওয়ার সময় প্রার্থীর বেতন হিসাব নং (যদি থাকে)।

২। এমতাবস্থায়,২০১৬ সাল হতে নিয়োগপ্রাপ্ত নার্স ও মিডওয়াইফগণের চাকুরি স্থায়ী না হলে এবং পরবর্তী সকল নার্স ওমিডওয়াইফগণকে চাকুরি স্থায়ীকরণের জন্য বর্ণিত শর্ত পূরণ করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। উল্লেখ্য ২০১৬ সালের পূর্বে নিয়োগপ্রাপ্তদের চাকুরি স্থায়ীকরণের জন্য অধিদপ্তর ব্যবস্থা গ্রহণ করবে।

৩। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৮.০৯.২০২০

মোহাম্মদ আব্দুল হাই, পিএএ
(উপসচিব)
পরিচালক (প্রশাসন)
ই-মেইলঃ info@dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০১.১১.০০১.২০২০-৯৪৬/১(৫০০) তারিখঃ ১৩/০৬ /১৪২৭ বঙ্গাব্দ
২৮/০৯/২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যৈষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। পরিচালক/তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন.........................................................।
০২। সহকারি পরিচালক/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা.................................।
০৩। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সিএএফও),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
০৪। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়,.......................................................।
০৫। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ..........................................................................।
০৬। সেবা তত্ত্বাবধায়ক/জেলা পাবলিক হেলথ নার্স, ...............................................................।
০৭। উপ-পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা, [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
০৯। জনাব.......................................................................।

২৮.০৯.২০২০

(উপসচিব)
পরিচালক (প্রশাসন)

## <u>চাকুরি স্থায়ীকরণের আবেদনপত্র।</u>

বরাবর
মহাপরিচালক
নার্সিংওমিডওয়াইফারি অধিদপ্তর
আই পি এইচ স্কুল রোড
মহাখালী, ঢাকা-১২১২।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়ঃ চাকুরি স্থায়ীকরণের আবেদন।

জনাব
আমি নিম্নস্বাক্ষরকারী আমার চাকুরি স্থায়ীকরণের শর্ত পূরণ করায় নিম্নবর্ণিত ছকে আমার প্রয়োজনীয় তথ্যাদি আপনার সদয় বিবেচনার জন্য পেশ করিলাম।

| ক্রম | বিষয় | তথ্য |
|---|---|---|
| ১ | নাম | : |
| ২ | পদবি | : |
| ৩ | পিতার নাম | : |
| ৪ | সরকারি কর্মকমিশন কর্তৃক দেয়া রেজিনং | : |
| ৫ | সরকারি চাকুরিতে যোগদানের তারিখ | : |
| ৬ | সরকারি চাকুরির বয়স/শিক্ষানবিশকাল দুই (০২) বছর পূর্ণ হয়েছে কিনা? | : হ্যাঁ / না |
| ৭ | বর্তমান কর্মস্থল | : |
| ৮ | মোবাইল নং | : |

সংযুক্তঃ

(০১) প্রথম সরকারি চাকুরিতে পদায়নকৃত কর্মস্থলে যোগদানপত্রের ফটোকপি।
(০২) যোগদানপত্র গ্রহণের অনুলিপির ফটোকপি।
(০৩) হাল নাগাদ পিডিএস ১ কপি।
(০৪) সরকারি চাকুরিতে নিয়োগের প্রজ্ঞাপন ফটোকপি (প্রযোজ্য অংশ)।
(০৫) সরকারি চাকুরিতে প্রথম পদায়নের প্রজ্ঞাপন ফটোকপি (প্রযোজ্য অংশ)।
(০৬) নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক দেয়া রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
(০৭) সরকারি কর্মকমিশন কর্তৃক দেয়া রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
(০৮) সরকারি কর্মকমিশন কর্তৃক দেয়া রেজাল্টসিটের ফটোকপি (প্রযোজ্য অংশ)।
(০৯) প্রথম সরকারি চাকুরিতে যোগদানকালে সম্পন্ন স্বাস্থ্য পরীক্ষা সনদের ফটোকপি।
(১০) পুলিশ ভেরিফিকেশন হয়েছে মর্মে প্রত্যয়ন পত্র।
(১১) আদালতে কোন প্রকার মামলা নাই মর্মে প্রত্যয়ন পত্র।
(১২) বিভাগীয় মামলা নাই মর্মে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়ন পত্র।
(১৩) ওরিয়েনটেশন ট্রেনিং সনদ (যদি থাকে)।
(১৪) প্রথম বেতন-ভাতা পাওয়ার সময় প্রার্থীর বেতন হিসাব নং (যদি থাকে)।

অতএব মহোদয় আমার চাকুরি স্থায়ীকরণের জন্য বিনীতভাবে অনুরোধ করছি।

স্থানীয় কর্তৃপক্ষের সুপারিশ ও স্বাক্ষর
তারিখঃ

আপনার একান্ত অনুগত

আবেদন কারীর স্বাক্ষর

তারিখ: